পাঠ ১

# আমার পরিচয়



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা।
- প্রমিত বাংলায় বলা কথোপকথন, আলোচনা শুনে বুঝতে পারা।
- পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পারা।
- পরিচিত পরিবেশে প্রশ্ন-উত্তর এবং সম্বোধন ও অনুরোধ করতে পারা।

## পাঠের শিখনফল

২.১.১ প্রশ্নবোধক বাক্যের উত্তর দিতে পারব।
২.২.৩ সহপাঠীদের মধ্যকার কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারব।
২.২.৪ সহপাঠীদের সাথে কথোপকথন করতে পারব।
৬.১.১ স্পষ্ট স্বরে পরিচিতিমূলক প্রাসঙ্গিক বাক্য বলতে পারব।
৬.১.২ স্পষ্ট স্বরে প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর বলতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | |
|---|---|---|---|
| স্কুল | ক্লাস | বন্ধু | পরিচয় |
| বয়স | শ্রেণি | পড়ি | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর — চলো, পারি কি না দেখি

### ১ বলি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১

| | উত্তর : |
|---|---|
| আমার নাম। | **আমার নাম :** আতিক জামাল। |
| আমার বয়স। | **আমার বয়স :** সাত বছর। |
| আমি যে শ্রেণিতে পড়ি। | আমি দ্বিতীয় শ্রেণিতে পড়ি। |
| আমার স্কুলের নাম। | **আমার স্কুলের নাম :** সাতানী সরকারি প্রাথমিক বিদ্যালয়। |



### ২ বলি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ২

**প্রশ্ন ক. তোমার হাতে কী বই?**
**উত্তর :** আমার হাতে আমার বাংলা বই।

**প্রশ্ন খ. বইয়ের উপর কী লেখা?**
**উত্তর :** বইয়ের উপর বইয়ের নাম ও শ্রেণি লেখা।

**প্রশ্ন গ. বইটি দেখতে কেমন?**
**উত্তর :** বইটি দেখতে অনেক সুন্দর।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. তোমার শ্রেণিশিক্ষক তোমার একজন বন্ধুর কাছে প্রশ্ন করছেন। শিক্ষকের প্রশ্ন ও বন্ধুর উত্তর মনোযোগ দিয়ে শোন।**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৫

| শিক্ষকের প্রশ্ন | বন্ধুর উত্তর |
|---|---|
| তোমার নাম কী? | আমার নাম আবদুল্লাহ চৌধুরী। |
| তোমার বাবার নাম কী? | আমার বাবার নাম গাফফার চৌধুরী। |
| তোমার মায়ের নাম কী? | আমার মায়ের নাম উম্মে রিমি চৌধুরী। |
| তুমি কোন শ্রেণিতে পড়ো? | আমি দ্বিতীয় শ্রেণিতে পড়ি। |
| তোমার বিদ্যালয়ের নাম কী? | আমার বিদ্যালয়ের নাম মনপুরা সরকারি প্রাথমিক বিদ্যালয়। |

**প্রশ্ন ২. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

নতুন, বন্ধু, মজা, খেলা, গোল।

**উত্তর :**

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| নতুন | পুরোনো নয় এমন, নবীন। |
| বন্ধু | সখা, মিত্র। |
| মজা | আনন্দ, আমোদ। |
| খেলা | কৌশল বা পারদর্শিতা প্রদর্শন। |
| গোল | গোলাকার, বৃত্তাকার। |

**প্রশ্ন ৩. শিক্ষক নিম্নে প্রদত্ত অনুচ্ছেদ শিক্ষার্থীদের শুনিয়ে প্রশ্ন করবেন। শিক্ষার্থীরা তার উত্তর দেবে।**

বন্ধুরা মিলে এবার একটা খেলা খেলি। নাম বলার খেলা। গোল হয়ে দাঁড়াই। হাতে একটা বল নিই। নিজের নাম বলি। এরপর যেকোনো একজন বন্ধুর নাম বলি। ওই বন্ধুর হাতে বলটা দিই।

ক. বন্ধুরা মিলে কী করছ?
খ. খেলার নাম কী?
গ. তোমরা কীভাবে দাঁড়িয়েছ?
ঘ. তোমার হাতে কী?

**উত্তর :**

ক. বন্ধুরা মিলে একটা খেলা খেলি।
খ. খেলার নাম 'নাম বলার খেলা'।
গ. আমরা গোল হয়ে দাঁড়িয়েছি।
ঘ. আমার হাতে বল।

**প্রশ্ন ৪. শ্রেণিকক্ষে শিক্ষক ও সহপাঠীদের সামনে শুদ্ধ ভাষায় তোমার পরিচয় দাও।**

আমার বাবার নাম : ..............................
আমার মায়ের নাম : ..............................
ভাই-বোন : ..............................
আমাদের গ্রামের নাম : ..............................
আমাদের থানার নাম : ..............................
আমাদের জেলার নাম : ..............................
আমাদের দেশের নাম : ..............................

**উত্তর :**

আমার বাবার নাম : মো. জামালউদ্দীন।
আমার মায়ের নাম : আয়েশা সিদ্দিকা।
ভাই-বোন : আমরা দুই ভাই ও তিন বোন।
আমাদের গ্রামের নাম : রসুলপুর।
আমাদের থানার নাম : সিলেট সদর।
আমাদের জেলার নাম : সিলেট।
আমাদের দেশের নাম : বাংলাদেশ।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৫. স্কুলের প্রথম দিন কেমন লেগেছে সে সম্পর্কে বল।**

**উত্তর :** স্কুল খুলেছে। নতুন ক্লাস শুরু হয়েছে। হাতে নতুন বই পেয়েছি। নতুন ও পুরাতন অনেক বন্ধুদের সাথে দেখা হয়েছে। অনেক মজা করেছি।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ৬. বিপরীত শব্দ বসিয়ে খালিঘর পূরণ কর।**

শেষ – শুরু, শত্রু – বন্ধু, পুরাতন – নতুন, হাঁটি – দাঁড়াই, পা – হাত।

ক. আজ আমাদের নতুন ক্লাস ———।
খ. গোল হয়ে ———।
গ. ——— একটা বল নেই।
ঘ. যেকোনো একজন ——— নাম বলি।
ঙ. হাতে ——— বই।

**উত্তর :** ক. শুরু, খ. দাঁড়াই, গ. হাতে, ঘ. বন্ধুর, ঙ. নতুন।

### লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ৭. নিচের ছবি সম্পর্কে লেখ।**



**উত্তর :** ছবিতে চারজন গোল হয়ে মাঠে বসে আছে। তারা লেখাপড়া নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করছে।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | নিজের পরিচয় জানে। | | | |
| | প্রমিত উচ্চারণে শিক্ষার্থী নিজের পরিচয় উপস্থাপন করতে জানে। | | | |
| | প্রমিত উচ্চারণে শিক্ষার্থী নিজের পরিচয় ও ঠিকানা জানে। | | | |
| দক্ষতা | পরিচিতিমূলক প্রাসঙ্গিক বাক্য বলতে পেরেছে। | | | |
| | সহপাঠীদের সাথে কথোপকথন করতে পেরেছে। | | | |
| | প্রশ্নবোধক বাক্যের উত্তর দিতে পেরেছে। | | | |
| | স্পষ্ট স্বরে প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর বলতে পেরেছে। | | | |
| | প্রশ্নের উত্তর করতে পেরেছে। | | | |
| | কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | প্রমিত বাংলায় নিজের পরিচয় দিতে পেরেছে। | | | |
| | আগ্রহের সাথে খেলায় অংশগ্রহণ করেছে। | | | |
| | আগ্রহের সাথে সকল কাজে অংশগ্রহণ করতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :..............

শিক্ষার্থীর নাম : .................................................. শ্রেণি : ....................................... রোল নম্বর : ☐

**১। শ্রেণিকক্ষে শিক্ষক ও সহপাঠীদের সামনে শুদ্ধ ভাষায় তোমার পরিচয় দাও।**

আমার বাবার নাম : ..............................
আমার মায়ের নাম : ..............................
ভাই-বোন : ..............................
আমাদের গ্রামের নাম : ..............................
আমাদের থানার নাম : ..............................
আমাদের জেলার নাম : ..............................
আমাদের দেশের নাম : ..............................

**২। নিচের ছবি সম্পর্কে লেখ।**



৩। স্কুলের প্রথম দিন কেমন লেগেছে সে সম্পর্কে লেখ।

### উত্তরমালা

১ ▸ আমার বাবার নাম : মো. জামালউদ্দীন।
আমার মায়ের নাম : আয়েশা সিদ্দিকা।
ভাই-বোন : আমরা দুই ভাই ও তিন বোন।
আমাদের গ্রামের নাম : রসুলপুর।
আমাদের থানার নাম : সিলেট সদর।
আমাদের জেলার নাম : সিলেট।
আমাদের দেশের নাম : বাংলাদেশ।

২ ▸ ছবিতে চারজন গোল হয়ে মাঠে বসে আছে। তারা লেখাপড়া নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করছে।

৩ ▸ স্কুল খুলেছে। নতুন ক্লাস শুরু হয়েছে। হাতে নতুন বই পেয়েছি। নতুন ও পুরাতন অনেক বন্ধুদের সাথে দেখা হয়েছে। অনেক মজা করেছি।

মূল্যায়ন রিপোর্ট ▸ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐

বাংলা